৩/১১/২০০৩

প্রথম আলো

তারিখ ... পৃষ্ঠা ২ কলাম ... ৩

# ইংরেজির শিক্ষক সংকটে সিরাজগঞ্জ সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ

সিরাজগঞ্জ প্রতিনিধি

সিরাজগঞ্জ সরকারি বিশ্ববিদ্যালয় কলেজে ইংরেজির শিক্ষকের অভাবে সপ্তাহে এক দিনের বেশি কোনো শ্রেণীতে ক্লাস নেওয়া সম্ভব হচ্ছে না। ফলে ছাত্রছাত্রীরা অসুবিধায় পড়েছে।

এ কলেজে বর্তমানে ইন্টারমিডিয়েট ও ডিগ্রি শ্রেণী ছাড়াও ১৪টি বিষয়ে অনার্স এবং মাস্টার্স কোর্স চালু রয়েছে। বিধিমতে প্রতিটি বিভাগে সাতজন করে শিক্ষক থাকার কথা। এনাম কমিশনের প্রস্তাবিত রিপোর্টে শিক্ষকের সংখ্যা হওয়া উচিত ১২ জন. কিন্তু এ কলেজটিতে এর আগে ইংরেজি বিভাগে ছয়জন শিক্ষক ছিলেন। এর মধ্যে তিনজন বদলি হয়ে গেছেন। একজন অবসর নিয়েছেন। বর্তমানে রয়েছেন মাত্র দুজন শিক্ষক। এর মধ্যেও একজন নভেম্বর মাসেই অবসর গ্রহণকালীন ছুটিতে যাবেন। কলেজের দুজন ইংরেজি শিক্ষকের একজনকে প্রশাসনিক কাজ নিয়েই ব্যস্ত থাকতে হয়। মাত্র একজন শিক্ষকের পক্ষে কোনো শ্রেণীতেই সপ্তাহে এক দিনের বেশি ক্লাস নেওয়া সম্ভব হচ্ছে না।

সিরাজগঞ্জ সরকারি কলেজে ইংরেজি বিভাগে শিক্ষক সংকটের কথা স্বীকার করে অধ্যক্ষ প্রফেসর তুষার কুমার ভদ্র জানান, অবিলম্বে শিক্ষক নিয়োগের জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়েছে।